দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JUN 1987
পৃষ্ঠা 3 কলাম 2

৫ই আষাঢ় ১৩৯৪ বাং.





জামিরতা কলেজ কেন্দ্রে স্থান সংকুলান না হওয়ায় টিন-বাঁশের ছাপড়া তুলিয়া এইচ এস সি পরীক্ষার হল বানানো হইয়াছে —ইত্তেফাক

# রেজিষ্ট্রেশন ছাড়াই চারশত ছাত্র-ছাত্রী এইচএসসি পরীক্ষা দিতেছে

সিরাজগঞ্জ, ১৯শে জুন (নিজস্ব সংবাদদাতা)—রেজিষ্ট্রেশন ছাড়াই চার শতাধিক ছাত্র-ছাত্রীর চলতি এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণের চাঞ্চল্যকর তথ্য ধরা পড়িয়াছে। শাহজাদপুর উপজেলার জামিরতা কলেজ ও সলঙ্গা কলেজ কেন্দ্রে সিরাজগঞ্জ জেলা ছাড়াও রাজশাহী, রংপুর, বগুড়া, পাবনা এবং এমনকি ঢাকার অনেক পরীক্ষার্থীও পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ করিয়া নিয়াছে। জেলা প্রশাসন উভয় কেন্দ্রে অভিযান চালাইয়া রেজিষ্ট্রেশন ছাড়া চারশত পরীক্ষার্থীকে সনাক্ত করিয়াছে।

জানা যায়, রাজশাহী শিক্ষা বোর্ডের সাথে যোগসাজশে ঐসব পরীক্ষার্থীকে 'রেজিষ্ট্রেশন ছাড়াই এডমিট কার্ড দেওয়া হয়।

জামিরতা পরীক্ষা কেন্দ্রে বোর্ডের জনৈক সহকারী স্কুল পরিদর্শককে এ ব্যাপারে জিজ্ঞাসা [illegible] জানান, রেজিষ্ট্রেশন [illegible]ছাড়াই পরী-

## স্বাক্ষরবিহীন প্রবেশপত্র

বরিশাল, ১৯শে জুন (নিজস্ব প্রতিনিধি)—যশোর শিক্ষা সংসদের পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষরবিহীন প্রবেশপত্রের মাধ্যমে কিছু সংখ্যক পরীক্ষার্থী বি, এম কলেজ কেন্দ্রে এইচ, এস, সি, পরীক্ষা দিতেছে। প্রাথমিকভাবে জানা যায়, তাহারা সকলেই উত্তমপুর কলেজের ছাত্র-ছাত্রী। এবং তাহারা সংখ্যায় ৫৭ জন। তদন্ত করিলে আরও এই ধরনের প্রবেশপত্র পাওয়া যাইতে পারে বলিয়া ধারণা করা হইতেছে।